

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড



ফোন :  
অফিস : ৯৫৫৫১৩৩  
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়  
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,  
ঢাকা-১০০০ | www.bwdb.gov.bd

Phone :  
Office : 9555133  
Fax : 0088-02-9564763  
Email : secretary@bwdb.gov.bd

স্মারক নংঃ ৫৬-পাউবো (সচি)/বোর্ড-২

তারিখ : ২৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ  
০৭ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

### বিষয়: বিশ্ব পানি দিবস ২০১৯ উদযাপন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পানিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে দেশব্যাপী বিশ্ব পানি দিবস ২০১৯ উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিশ্ব পানি দিবস উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। দিবসটি উদযাপনের লক্ষ্যে বর্ণাঢ্য র্যালি এবং বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্রাঙ্গণ থেকে ১১ এপ্রিল, ২০১৯ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার সকাল ৭ঃ০০ ঘটিকায় বর্ণাঢ্য র্যালি শুরু হয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সমাপ্ত হবে। উক্ত র্যালিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ পানিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন অন্যান্য সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করবেন।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ঢাকাস্থ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে স্ব-স্ব পরিবহনে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্রাঙ্গণে আগামী ১১ এপ্রিল, ২০১৯ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার সকাল ৬ঃ৩০ ঘটিকায় উপস্থিত থেকে র্যালির জন্য সরবরাহকৃত গেঞ্জি ও ক্যাপ পরিধান করে ব্যানার, ফেস্টুনসহ র্যালিতে অংশগ্রহণ ও বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য মূল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

(আব্দুল খালেক)

সচিব

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

পরিচিতি নং ৬৩০১২০০০১

E-mail: khalequebd@gmail.com

স্মারক নং-৫৬-পাউবো(সচি)/বোর্ড-২

তারিখ : ২৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ  
০৭ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (সংশ্লিষ্ট সকল), ..... , বাপাউবো, ঢাকা।
৩. প্রধান প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন/ প্রধান পানি ব্যবস্থাপনা/ নিয়ন্ত্রক (অহিনি), বাপাউবো, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট সকল), ..... , বাপাউবো, ঢাকা।
৫. সচিব, বাপাউবো, ঢাকা।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সংশ্লিষ্ট সকল), ..... , বাপাউবো, .....।
৭. পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পুলভুক্ত গাড়ীতে যাতায়াতকারী সকল কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে উক্ত র্যালিতে/ অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত সকল গাড়ীচালকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৮. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৯. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১০. নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট সকল), ..... , বাপাউবো, .....।
১১. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১২. উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, কেন্দ্রীয়/আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যাক) ..... বাপাউবো, ঢাকা।
১৩. জনাব.....।

সকল দপ্তরপ্রধানকে তাঁর অধিনস্ত কর্মকর্তা/ কর্মচারীগণকে আবশ্যিকভাবে অনুষ্ঠানে আমন্ত্রণপত্রসহ উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। পাশাপাশি, আমন্ত্রণপত্রে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্যও বিনীত অনুরোধ জানানো হলো। কেউ অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এস,এম, হুমায়ুন কবীর

উপ-সচিব

বাপাউবো, ঢাকা।